



ISO 9001, ISO 14001 &
ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

স্মারক নং-২৭.১২.০০০০.০২১.১৮.১১৭.২২.৭৬১

বরাবর

বার্তা সম্পাদক

সকল দৈনিক পত্রিকা, ঢাকা।

প্রিয় মহোদয়,

আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের বার্ষিক বনভোজনের সংবাদটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

প্রেস বিজ্ঞপ্তি

বিআরইবি'র বার্ষিক বনভোজন-২০২২ উদযাপিত



ক্যাপশন: 'বার্ষিক বনভোজন-২০২২' উপলক্ষে পুরস্কার বিতরণ করছেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব মোহাং সেলিম উদ্দিন

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদ (ক্রীসকপ)-এর উদ্যোগে 'বার্ষিক বনভোজন ২০২২' গত ২৪-১২-২০২২ খ্রি. রোজ শনিবার 'হেরিটেজ রিসোর্ট', মাধবদী, নরসিংদীতে উদযাপিত হয়েছে। বাপবিবো'র কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবারসহ প্রায় ১,৮০০ জন বনভোজনে অংশগ্রহণ করেন। বনভোজনে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ও র্যাফেল ড্র'তে অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান জনাব মোহাং সেলিম উদ্দিন। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সদস্যগণ, প্রাক্তন সদস্যগণ ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ আরো অনেকে উপস্থিত ছিলেন। বিদ্যুৎ বিভাগের যুগ্মসচিব ড. শাহ মোঃ হেলাল উদ্দিনসহ বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ বনভোজনে অংশ গ্রহণ করেন। 'বার্ষিক বনভোজন ২০২২' এ অংশগ্রহণকারী প্রত্যেক পরিবারকে বিশেষ আকর্ষণীয় গিফট প্রদান করা হয়। বনভোজনে শিশু কিশোরদের চিত্র বিনোদনের জন্য ফ্যাশন শো ও জাদু প্রদর্শনসহ নানা ধরনের খেলাধুলার আয়োজন করা হয়। এছাড়াও, ক্রোজআপ তারকা রাজিব ও জনপ্রিয় কণ্ঠশিল্পী অংকন মনোমুগ্ধকর সঙ্গীত পরিবেশন করেন।

সংযুক্ত: ছবির সফটকপি।

(মোঃ আবদুল হাই)

পরিচালক

মোবাঃ ০১৭৬৯ ৯২৪৩৩৫